স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.২৭.০০১.২১(অংশ)/৪২১

তারিখ: ৩১ অক্টোবর ২০২৩

বিষয়: চূড়ান্ত শাস্তির আদেশ।

যেহেতু, আপনি বেগম আঁখী বৈদ্য, উপব্যবস্থাপক (প্রশাসন), পরিচিতি নম্বর: ০৬৫৪, প্রশাসন বিভাগ, বাপেক্স, ঢাকা বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদনক্রমে ৩১-০৩-২০২১ তারিখ হতে ২৯-০৪-২০২১ তারিখ পর্যন্ত মোট ৩০ (ত্রিশ) দিন অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) ভোগ শেষে কাজে যোগদান না করে ৩০-০৪-২০২১ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২। এবং যেহেতু, আপনাকে প্রশাসন বিভাগের পত্র সূত্র নম্বর: ১১৪.১৯.৮৯/৩৩, তারিখ: ২০-০৬-২০২১ এবং পত্র সূত্র নম্বর: ১১৪.১৯.৮৯/৪৪, তারিখ: ১৮-০৭-২০২১ এর মাধ্যমে অবিলম্বে বাংলাদেশে ফিরে এসে বাপেক্সে কাজে যোগদান করার জন্য নির্দেশনা প্রদান করে ০২ (দুই) বার পত্র প্রেরণ করা সত্ত্বেও আপনি বাংলাদেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদান করেননি;

৩। এবং যেহেতু,প্রশাসন বিভাগের পত্র সূত্র নং-২৮.০৯.০০০০.০১২.২৭.০০১.২১/৪৪২, তারিখ: ২১-১১-২০২১ এর মাধ্যমে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতি থাকার কারণে আপনাকে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান ৩৮(ক) ৩৮(খ) ও ৩৮(গ) ধারায় যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়নের' দায়ে অভিযুক্ত করে অভিযোগনামা প্রদান করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত অভিযোগনামার প্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি;

৪। এবং যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে আপনার বক্তব্য প্রদানের জন্য ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান করা হলেও, আপনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করে আত্মপক্ষ সমর্থন করেননি;

৫। এবং যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য গঠিত কমিটি আপনাকে তদন্ত কমিটির সম্মুখে হাজির হয়ে বক্তব্য প্রদানের জন্য ০২ (দুই) বার পত্র প্রেরণ করলেও আপনি তদন্ত কমিটির সম্মুখে হাজির হননি;

০৬। এবং যেহেতু, গঠিত তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান ৩৮(ক) ৩৮(খ) ও ৩৮(গ) ধারায় 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়নের' দায়ে আনীত অভিযোগ যথার্থ এবং উক্ত অভিযোগে আপনাকে দোষী সাব্যস্ত করেছে;

০৭। এবং যেহেতু, বিভাগীয় মামলা চলাকালীন আপনার নিকট হতে কোনরুপ সহযোগীতা না পাওয়ায় আপনার নিকট কোম্পানির পাওনা ৪০,৪৮,৭৮৫/- (চল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার সাতশত পঁচাশি) টাকা পরিশোধের জন্য প্রশাসন বিভাগের পত্র স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.২৭.০০১(অংশ)/৫২, তারিখ: ৩১ জানুয়ারি ২০২৩ এর মাধ্যমে পত্র প্রেরণ করা হলেও আপনি উক্ত অর্থ পরিশোধ না করে কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করেছেন;

০৮। এবং যেহেতু প্রশাসন বিভাগের স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.২৭.০০১.২১ (অংশ)/৩৪৯, তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৩ মূলে কেন আপনাকে চাকরি হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হবে না এবং আপনার নিকট কোম্পানির পাওনা অর্থ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের নির্দেশনা প্রদান করে প্রস্তাবিত শাস্তির আদেশ জারি করা হয়;

০৯। এবং যেহেতু আপনি গত ২৫-০৯-২০২৩ তারিখে উক্ত প্রস্তাবিত শাস্তির আদেশের জবাব প্রদান করেন এবং ২৬-০৯-২০২৩ তারিখে স্বেচ্ছায় অবসরের ইচ্ছা প্রকাশ করে মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবর আবেদন করেন;

১০। এবং যেহেতু আপনার প্রেরিত প্রস্তাবিত শাস্তির আদেশের জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি এবং যেহেতু আপনার চাকরির মেয়াদ ২৫ পূর্ণ না হওয়ায় বাপেক্স কর্মচারী "সাধারণ ভবিষ্য তহবিল ও পেনশন বিধমালা-২০১৪ (সংশোধিত-২০১৬)" অনুযায়ী আপনার স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন কর্তৃপক্ষের নিকট গৃহীত হয়নি;

চলমান পাতা-২

১১। এক্ষণে সেহেতু, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান ৩৮(ক) ৩৮(খ) ও ৩৮(গ) অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত বলে গণ্য করে আপনাকে দোষী সাব্যস্তকরতঃ একই প্রবিধানমালার প্রবিধান ৩৯(১)(খ)(ঈ) অনুযায়ী আপনাকে চাকরি হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হলো। উক্ত বরখাস্ত আদেশ গত ৩০-০৪-২০২১ তারিখ হতে কার্যকর হবে।

আগামী ০১ (এক) মাসের মধ্যে আপনার নিকট কোম্পানির পাওনা পরিশোধের নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, উক্ত পাওনা আদায়ে আপনার বিরুদ্ধে মানি স্যুট মামলা রুজু করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০১/০৫/২০২১
(মোঃ আসাদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বর্তমান ঠিকানা:
বেগম আঁখী বৈদ্য
স্বামী: অশোক কুমার বিশ্বাস
বিশ্বাস মালবিকা
ফ্ল্যাট নং: এফ-৫
২২৮-২২৯ মালিবাগ, ঢাকা-১২১৭।

স্থায়ী ঠিকানা:
বেগম আঁখী বৈদ্য
স্বামী: অশোক কুমার বিশ্বাস
গ্রাম: গোবিন্দপুর, ডাক: নাকোল
থানা: শ্রীপুর, জেলা: মাগুরা।

ই-মেইল:
ankhibaidya@gmail.com

<u>অনুলিপি- সদয় অবগতি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১. ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
২. মহাব্যবস্থাপক..........................................................................বাপেক্স, ঢাকা।
৩. কোম্পানী সচিব, কোম্পানী সচিবালয়, বাপেক্স, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বাপেক্স, ঢাকা।
৫. সচিব, প্রভিডেন্ট ফান্ড ট্রাস্ট, বাপেক্স, ঢাকা।
৬. সচিব, বাপেক্স কর্মচারী পেনশন তহবিল ট্রাস্ট, বাপেক্স, ঢাকা।
৭. উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক..........................................................বাপেক্স, ঢাকা।
৮. উপমহাব্যবস্থাপক (আইসিটি ও এমআইএস), পরিকল্পনা ও আইসিটিবিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
৯. ব্যবস্থাপক (পেনশন ও ছুটি), সাধারণ প্রশাসন উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
১০. ব্যবস্থাপক (নিয়োগ ও পদোন্নতি), সাধারণ প্রশাসন উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
১১. ব্যক্তিগত নথি।
১২. অফিস কপি।